

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২  
(প্রশাসন শাখা)  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)

নম্বর- ৩৫.০৩.০০০০.০০১.০১৯.০৫২.২০১৪- ৪৯৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
৩৭ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ ফয়সাল হাসান (পরিচিতি নং-২০১৪২০০০৪৪) সহকারী পরিচালক (ইঞ্জি:) হিসেবে বিআরটিএ রাজশাহী সার্কেলে কর্মরত রয়েছেন। বিআরটিএ বায়োমেট্রিক হাজিরা পরীক্ষান্তে দেখা যায় যে, তিনি প্রায়শই অফিসে বিলম্বে উপস্থিত হন। গত ০৫.০৩.২০২৬খ্রি: তারিখে <https://www.youtube.com/watch?v=O403FKGJ34U> লিংকে “রাজশাহীতে সরকারি কর্মকর্তাদের অফিস ফাঁকির মহোৎসব” শিরোনামে প্রচারিত প্রতিবেদনে স্পষ্ট প্রতিয়মান হয় যে, তার অফিস কক্ষে বৈদ্যুতিক লাইট ও ফ্যান চলমান থাকলেও তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার অনুপস্থিতির কারণে ঐ দিন উক্ত অফিসে উপস্থিত সেবা প্রত্যাশীগণ যথাসময়ে সেবা গ্রহণ থেকে বঞ্চিত হয়েছেন। তার এহেন কর্মকান্ডে অফিসের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে;

যেহেতু, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক। উল্লেখ্য, গত ২ মার্চ ২০২৬ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা, প্রশাসনিক গতিশীলতা ও আন্তঃদপ্তর সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত আবশ্যিকভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করা বাধ্যতামূলক। তাছাড়া, বিআরটিএ সদর কার্যালয়ের গত ২৬.০২.২০২৬খ্রি: তারিখের ৩৫.০৩.০০০০.০০১.১৮.১৩০.২৩.৪১৭নং অফিস আদেশ অনুযায়ী নির্ধারিত সময় সকাল ০৯:০০ঘটিকায় অফিসে আগমনের নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি তা অমান্য করেছেন;

তার এহেন আচরন সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণের সামিল এবং ৩(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, সরকারী চাকুরী আইন, ২০১৮ এর ধারা ৩৯ এর (১) মোতাবেক জনাব মোঃ ফয়সাল হাসান (পরিচিতি নং-২০১৪২০০০৪৪) সহকারী পরিচালক (ইঞ্জি:)-কে সাময়িকভাবে বরখাস্ত করত বিআরটিএ সদর কার্যালয়, ঢাকায় ক্লোজ (Close) করা হলো।

সাময়িক বরখাস্তকালীন তিনি বিএসআর পার্ট-১ ৭১ বিধি ও এফ আর-৫৩(বি) বিধির অধীনে মূল বেতনের অর্ধ হারে খোরাকী ভাতা, সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ বাড়ি ভাড়া ভাতা, সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন এবং ভ্রমন ভাতা, যাতায়াত ভাতার সুবিধাদি প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত ০৭.০৩.২০২৬  
(মীর আহমেদ তারিকুল ওমর)

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫০৪০৭১১

ইমেইল: [chairman@brta.gov.bd](mailto:chairman@brta.gov.bd)


নম্বর-৩৫.০৩.০০০০.০০১.০১৯.০৫২.২০১৪- ৪৯৭

তারিখ: ০৭.০৩.২০২৬ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। পরিচালক (প্রশাঃ/ অডিট ও আইন/এনফোর্সমেন্ট/রোড সেফটি/প্রশিক্ষণ/ইঞ্জিঃ/অপারেশন), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ বিভাগীয় কার্যালয়, .....
- ৬। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, .....
- ৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, .....
- ৮। উপপরিচালক (অর্থ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
- ৯। উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ..... সার্কেল,.....।
- ১০। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (বায়োমেট্রিক হাজিরা হালনাগাদের অনুরোধসহ)।
- ১১। সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ..... সার্কেল,.....।

- ১২। জনাব .....।  
১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।  
১৪। সহকারী প্রোগ্রামার বিআরটিএ সদর কার্যালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)  
১৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।  
১৬। জনাব.....।  
১৭। মাস্টার ফাইল/ব্যক্তিগত নথি/অফিস কপি।

  
০৭/৩/২৬  
(তানভীর আহমেদ সিদ্দিকী)  
উপপরিচালক (প্রশাসন) প্রতিকল্প  
ফোন: ৫৫০৪০৭২০